24

আজকের কাগজ

তারিখ 26 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৫

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠান অনিশ্চিত, শিক্ষক সমিতি ও কর্মকর্তাদের সমাবর্তন অনুষ্ঠান বর্জনের সম্ভাবনা

**চট্টগ্রাম অফিস ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২৮ বছর পর প্রথম সমাবর্তন অনুষ্ঠান হতে যাচ্ছে আগামী ৬ ফেব্রুয়ারি। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সমাবর্তনে উপস্থিত থেকে সনদ বিতরণ করবেন (১৯৮২ পর্যন্ত)। সমাবর্তন অনুষ্ঠানের প্রস্তুতিমূলক কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। কিন্তু একদিকে বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের একটানা ধর্মঘট অন্যদিকে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ৭৩ সংশোধনের উদ্যোগের প্রতিবাদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সমাবর্তন অনুষ্ঠান বর্জন করার হুমকি দিয়েছে। ফলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠান অনিশ্চিত হয়ে পড়েছে।

সূত্র মতে, আজ (বুধবার) চ.বি শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে, "বিশ্ববিদ্যালয় এ অধ্যাদেশ" সংশোধনের উদ্যোগের প্রতিবাদে মৌনমিছিল করবে। আগামী ৪ ফেব্রুয়ারি শিক্ষকদের শহরে মিছিল ও সংবাদ সম্মেলনের কর্মসূচি রয়েছে। ধারণা করা হচ্ছে, উক্ত সংবাদ সম্মেলন থেকে সমাবর্তন অনুষ্ঠান বর্জনের ডাক আসতে পারে। তবে জামাত, বিএনপি সমর্থিত শিক্ষকরা শিক্ষক সমিতির আহবানে সাড়া নাও দিতে পারে বলে জানা গেছে। সমাবর্তন অনুষ্ঠান সামনে নিয়ে বিশ্ববিদ্যালয় কর্মকর্তাদের একটানা ধর্মঘটে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। অনুষ্ঠানে রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, হিসাব নিয়ামকসহ একাডেমি, শাখার অনেক দায়িত্ব রয়েছে। গত ১৭ জানুয়ারি থেকে সব বিশ্ববিদ্যালয়ে অফিসারদের ধর্মঘট শুরু হয়েছে তা আগামী ২৯ জানুয়ারি পর্যন্ত চলবে। ৩০ জানুয়ারি থেকে ৩ ফেব্রুয়ারি পর্যন্ত তারা কাজ করবেন, বেতন তুলবেন, এরপর ৪ ফেব্রুয়ারি থেকে একটানা ধর্মঘট শুরু হবে।

এ প্রতিবেদককে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন সিনিয়র শিক্ষক যোগাযোগ করে জানান, অফিসার ধর্মঘট সমাবর্তন অনুষ্ঠানে তেমন সমস্যার সৃষ্টি করবে না। প্রস্তুতি ইতিমধ্যে অনেকটা এগিয়ে গেছে। প্রয়োজনে কর্মকর্তাদের কাজগুলো শিক্ষক ও কর্মচারিরা চালিয়ে যাবেন। অফিসারদের বিভিন্ন দাবির যৌক্তিকতা নিয়েও প্রশ্ন উঠেছে। তাদের প্রধান দাবি হলো তাদেরকে শিক্ষকদের সমান বেতন, সিনেট, সিন্ডিকেটে অন্তর্ভুক্তকরণ। তবে তারা কর্মকর্তাদের বেতন ও সুযোগ সুবিধা বৃদ্ধির দাবিকে সুষ্ঠুভাবে সমাধানের জন্যে সরকারের প্রতি আহবান জানান। উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন এখন, আপসেডেও অফিসারদের নিয়ে সংকটে পড়েছে বলে সূত্র জানায়।